

Model Activity Task 2022 January

Class 7| Bengali | Part-1

মডেল অ্যাক্টিভিটি টাস্ক-২০২২| জানুয়ারী

সপ্তম শ্রেণী | বাংলা | পার্ট -১ |

পূর্ণমান- ২০

১. ঠিক উত্তর বেছে নিয়ে লেখো :

১.১ ছন্দে বাঁধা -

(ক) পাখির ডাক (খ) রাত্রি-দিন (গ) ঘড়ির কাঁটা (ঘ) নৌকা জাহাজ

১.২ জীবন হবে _____ - শূন্যস্থানে হবে

(ক) স্বপ্নময় (খ) দ্বন্দ্বময় (গ) কাব্যময় (ঘ) পদ্যময়

১.৩ 'দিন দুপুরে _____ ডাকে' - শূন্যস্থানে হবে

(ক) ঝিঝির (খ) পাখির (গ) গাড়ির (ঘ) ঝড়ের

২. নীচের প্রশ্নগুলির একটি বাক্যে উত্তর দাও :

২.১ 'ছন্দে শুধু কান রাখো' কবিতায় কবি কোন্ কথায় কান দিতে নিষেধ করেছেন?

উত্তর: 'ছন্দে শুধু কান রাখো' কবিতার কবি মন্দ কথায় ও ঝগড়া বিবাদে কান দিতে নিষেধ করেছেন।

২.২ 'ছন্দ শোনা যায় নাকো।' - কখন ছন্দ শোনা যায় না?

উত্তর: কবি অর্জিত দত্তের মনে হয়েছে- সমস্ত ঝগড়া- বিবাদ, হিংসা - রাগ ভুলে মন দিয়ে কান না পাতলে ছন্দ শোনা যায় না।

২.৩ 'কেউ লেখনি আর কোথাও।' - কোন্ প্রসঙ্গে কবি একথা বলেছেন?

উত্তর: নদী আপন মনে বয়ে চলার মধ্যে যে অপূর্ব ছন্দ আছে, তা এর আগে কেউ তার লেখনিতে বর্ণনা করতে পারে নি।

৩. নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও :

৩.১ 'মনের মাঝে জমবে মজা।' - মনের মধ্যে কীভাবে মজা জমে ওঠে?

উঃবিশ্বের সর্বত্র ছন্দ ছড়িয়ে আছে। ঝড় বাদলে, পাখির ডাকে, নদীর বয়ে চলায় এমনকি মোটর ও রেলগাড়ির চাকার ঘূর্ণনে, জাহাজ ও নৌকার চলাচলে ছন্দের মূর্ছনা ধরা পড়ে। আমরা যদি ঝগড়া বিবাদ ভুলে, মন্দ কথায় কান না দিয়ে আগ্রহের সঙ্গে ছন্দে ডুবে যাই তবে চারপাশে ছড়িয়ে থাকা ছন্দের সংকেত চিনতে পারব। আর তখনি পৃথিবীটা নতুন ভাবে চিনে নেওয়ার আনন্দে মনে মজা জমে উঠবে।

৩.২ 'পদ্য লেখা সহজ নয়' - পদ্য লেখা কখন কঠিন হয়ে ওঠে?

উত্তরঃ আমাদের চারপাশে নানা অপূর্ব ছন্দ ছড়িয়ে আছে। নদীর ছন্দ, পাখির ডাক, যানবাহনের যাতায়াত, ঝিঝিঁর ডাক এসব ছন্দ আমাদের মনে পদ্য জাগিয়ে তোলে। কিন্তু সমস্ত ঝগড়া- বিবাদ, হিংসা – রাগ ভুলে মন দিয়ে কান না পাতলে ছন্দ শোনা যায় না। আর তার ফলেই পদ্য লেখা কঠিন হয়ে পড়ে।

৩.৩ 'চিনবে তার ভুবনটাকে' - কীভাবে ভুবনকে চেনা সম্ভব হবে?

উত্তরঃ পৃথিবীর সব কিছুতে ছন্দ আছে। ঝড় বাদলে, পাখির ডাকে, নদীর বয়ে চলায় এমনকি মোটর ও রেলগাড়ির চাকার ঘূর্ণনে, জাহাজ ও নৌকার চলাচলে ছন্দের লয় ধরা পড়ে। সেইসব ছন্দকে মন-প্রাণ দিয়ে উপলব্ধি করতে হয়। আসলে মানুষ যদি মন দিয়ে শোনে এবং উপলব্ধি করে তবে তারা প্রকৃতির মাঝে লুকানো ছন্দের সংকেতকে চিনে নিতে পারে। আর তখন ভুবনটাকে চেনা সম্ভব হয়।

৪. নীচের প্রশ্নটির উত্তর নিজের ভাষায় লেখো :

কিছুটি নয় ছন্দহীন।' - 'ছন্দে শুধু কান রাখো' কবিতায় কবি সমস্ত কিছুর মধ্যে কীভাবে ছন্দের সন্ধান পেয়েছেন তা বিশ্লেষণ করো।

উত্তরঃ কবি অজিত দত্ত তার ' ছন্দে শুধু কান রাখো' কবিতায় আমাদের পারিপার্শ্বিকে লুকিয়ে থাকা নানা ছন্দের সন্ধান দিয়েছেন। ঝড়- বৃষ্টির আওয়াজে, জ্যেৎস্না রাতের নিঃস্বুমতায়, দুপুরে পাখির কলতানে, রাতে একটানা চলা ঝিঝিঁর গুঞ্জনে লুকিয়ে আছে মধুর ছন্দ। এমনকি মোটর ও রেলগাড়ির চাকার ঘূর্ণনে, জাহাজ ও নৌকার চলাচলে ছন্দের লয় ধরা পড়ে। দিন রাত ঘড়ির কাটার ছন্দে পরিবর্তিত হয়। যে মানুষ তার কানকে সজাগ রাখতে জানে, সেই মানুষ পারে ছন্দের এই খেলাকে উপলব্ধি করতে। এই ছন্দের সংকেতের সন্ধান পেয়েছেন বলেই কবি তার কবিতায় তা প্রকাশ করেছেন।